**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/10/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্থানীয় সরকারসমূহকে নিউ ইয়র্ক স্টেটব্যাপী অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো প্রকল্প অর্থায়নে সাহায্যের জন্য 115 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

***প্রকল্পগুলি ক্যাপিটাল রিজিওন, সেন্ট্রাল, ফিঙ্গার লেকস, লং আইল্যান্ড, মধ্য-হাডসন, মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি, সাউদার্ন টিয়ার এবং পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলে অবস্থিত***

***উদীয়মান দূষণ সমাধানে খাওয়ার পানি প্রকল্পে 33 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ***

গভর্নর হোকল স্টেটব্যাপী পানির মান রক্ষা বা উন্নত করে এমন অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিষ্কার ও খাওয়ার পানি অবকাঠামো প্রকল্পে 115 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করলেন। 9 ডিসেম্বর 2021 তারিখে নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (New York State Environmental Facilities Corporation, EFC) পরিচালক পর্ষদের অনুমোদিত অনুদান, সুদ-মুক্ত ঋণ ও স্বল্প-সুদে ঋণসমূহ 34টি মিউনিসিপ্যালিটি এবং সরকারি কর্তৃপক্ষকে খাওয়ার পানি এবং বর্জ্যপানির প্রকল্প শুরু করতে দিবে। ঘোষিত অর্থায়নের মধ্যে উদীয়মান দূষক সমাধানে নাসাউ ও সাফোক কাউন্টির 13টি খাওয়ার পানি প্রকল্পে 33 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ করা হয়েছে।

"পরিষ্কার পানির ব্যবস্থা সকল নিউ ইয়র্কবাসীর প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "এই অর্থায়ন পুরো স্টেটে পরিষ্কার ও খাওয়ার পানি অবকাঠামো উন্নয়ন করবে, উদীয়মান দূষকের সমাধান করবে, এবং দূষণ হ্রাস করবে। আমরা আগামী বছরগুলির জন্য নিউ ইয়র্কবাসীর পানির মান রক্ষা করতে স্থানীয় সরকারসমূহ এবং অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাবো।"

পর্ষদের অনুমোদনের মধ্যে পরিষ্কার পানির স্টেট আবর্তিত তহবিল (Clean Water State Revolving Fund, CWSRF) ও খাওয়ার পানির স্টেট আবর্তিত তহবিলের মাধ্যমে (Drinking Water State Revolving Fund, DWSRF) ইন্টারমিউনিসিপ্যাল অনুদান (Intermunicipal Grants, IMG) ও পানির অবকাঠামো উন্নয়ন আইন (Water Infrastructure Improvement Act, WIIA) অনুদান এবং অর্থায়ন রয়েছে। অর্থায়নের জন্য অনুমোদিত প্রকল্পগুলি হলো:

**খাওয়ার পানির প্রকল্পসমূহ:**

- ইরি কাউন্টির অল্ডেন গ্রাম - 108,000 মার্কিন ডলার WIIA অনুদান, পানির উৎসের ব্যাকআপ ধারণক্ষমতা প্রদান করতে গ্রাম ও ইরি কাউন্টি কর্তৃপক্ষের (Erie County Water Authority) মধ্যে দুইটি আন্তঃসংযোগ নির্মাণের জন্য।
- ক্লিনটন কাউন্টির ব্ল্যাক ব্রুক টাউন - 1,079,280 মার্কিন ডলার WIIA অনুদান, পানি জেলা নম্বর একে (Water District No. 1) একটি নতুন পানি জমিয়ে রাখার ট্যাঙ্ক ও দুইটি নতুন উৎপাদন কুয়া নির্মাণের জন্য।
- শাটোকুয়া কাউন্টি - 3,000,000 মার্কিন ডলার WIIA অনুদান এবং 1,993,061 মার্কিন ডলার স্বল্পকালীন, বাজার-মূল্যের অর্থায়ন, একটি নতুন পাম্প স্টেশন ও আনুমানিক 500,000-গ্যালন পানি জমিয়ে রাখার ট্যাঙ্ক নির্মাণের জন্য; আনুমানিক 18,000 লিনিয়ার ফুট ওয়াটারমেইন ও সংশ্লিষ্ট ফিক্সচার স্থাপন করার জন্য; এবং ফ্রেডোনিয়া গ্রামের পানির ব্যবস্থাকে আন্তঃসংযুক্ত করার জন্য।
- সাফোক কাউন্টিতে ডিক্স হিলস পানি জেলা - 3,042,000 মার্কিন ডলার WIIA অনুদান, কুয়া নম্বর 5-1 থেকে 1,4-ডাইঅক্সেন অপসারণ করতে বিদ্যমান পানির ট্রিটমেন্ট ফ্যাসিলিটিতে একটি নতুন ট্রিটমেন্ট প্রক্রিয়া নকশা ও নির্মাণের জন্য।
- ইরি কাউন্টি পানি কর্তৃপক্ষ - 2,519,272 মার্কিন ডলার WIIA অনুদান, অবিশুদ্ধ পানির পাম্পিং স্টেশন থেকে ভ্যান ডে পানির ট্রিটমেন্ট প্ল্যান্ট (Van De Water Treatment Plant) পর্যন্ত আনুমানিক 5,000 লিনিয়ার ফুট পানি পরিবহন মেইন স্থাপনের জন্য।
- ইরি কাউন্টির ইভান্স টাউন - 2,898,000 মার্কিন ডলার WIIA অনুদান, একটি নতুন পানি জমিয়ে রাখার ট্যাঙ্ক নির্মাণ, পাম্প স্টেশন বুস্টার, ব্যাকআপ জেনারেটর, এবং সংশ্লিষ্ট ফিক্সচারের জন্য।
- ডাচেস কাউন্টির ফিশকিল গ্রাম - 1,320,000 মার্কিন ডলার WIIA অনুদান এবং 880,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদে, বাজার-মূল্যে অর্থায়ন, কুয়া উন্নয়ন ও প্রতিস্থাপন, রাসায়নিকমুক্ত ফিড ব্যবস্থা উন্নয়ন, এবং একটি 1-মিলিয়ন গ্যালন পানি জমিয়ে রাখার ট্যাঙ্ক পুনর্বাসনের জন্য।
- ওটসেগো কাউন্টির গিলবার্টসভিল গ্রাম - 2,437,055 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন, আনুমানিক 25,000 লিনিয়ার ফুট সেকেলে পানি বিতরণ মেইন প্রতিস্থাপন করা, নতুন সেবা মিটার স্থাপন করা, একটি বিদ্যমান পানি জমিয়ে রাখার ট্যাঙ্ক একটি নতুন 200,000-গ্যালন ট্যাঙ্ক দ্বারা প্রতিস্থাপন করা, দুইটি নতুন কুয়ার উৎস তৈরি করা, এবং লোহা ও ম্যাঙ্গানিজ অপসারণে সক্ষম একটি নতুন ট্রিটমেন্ট ভবন নির্মাণ।
- নাসাউ কাউন্টিতে হেম্পস্টিড টাউন - 3,413,400 মার্কিন ডলার WIIA অনুদান, দুইটি কুয়া থেকে 1,4-ডাইঅক্সেন অপসারণ করতে বিদ্যমান প্রস্পেক্ট অ্যাভিনিউ স্টেশন পানি ট্রিটমেন্ট ফ্যাসিলিটিতে একটি নতুন অগ্রসর অক্সিডেশন পদ্ধতি (Advanced Oxidation Process, AOP) নির্মাণের জন্য।
- শেমাং কাউন্টির হর্সহিডস গ্রাম - 3,000,000 মার্কিন ডলার WIIA অনুদান এবং 2,000,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদে, বাজার-মূল্যের অর্থায়ন, আনুমানিক 12,000 লিনিয়ার ফুট পুরোনো ও ছোট আকারের পানির মেইন প্রতিস্থাপনের জন্য।
- অরেঞ্জ কাউন্টির মনরো টাউন - 897,750 মার্কিন ডলার WIIA অনুদান, পানি জেলা নম্বর 12-রর মনরো হিলস এস্টেট (Monroe Hills Estates Water District No. 12) উন্নয়নের জন্য।

- নায়াগ্রা কাউন্টির নর্থ টোনাওয়ানডা সিটি - 1,163,093 মার্কিন ডলার WIIA অনুদান এবং 7,276,907 মার্কিন ডলার স্বল্পমেয়াদে, বাজার-মূল্যে অর্থায়ন, বিদ্যমান পানির ট্রিটমেন্ট প্ল্যান্ট উন্নয়ন ও মেরামত যেমন অবিশুদ্ধ পানি গ্রহণ, কম সেবার সাকশন ওয়াল, পলিমাটির বেসিন, এবং ফিল্টার তৈরি।
- ওয়েস্টচেস্টার কাউন্টির ওসিনিং গ্রাম - 3,000,000 মার্কিন ডলার WIIA অনুদান, বিদ্যমান ইন্ডিয়ান ব্রুক পানি ট্রিটমেন্ট প্ল্যান্ট প্রতিস্থাপিত করে একটি নতুন পানি ট্রিটমেন্ট প্ল্যান্ট (Indian Brook Water Treatment Plant) নকশা ও নির্মাণের জন্য।
- নাসাউ কাউন্টির ওয়েস্টের বে পানি জেলা - 3,257,400 মার্কিন ডলার WIIA অনুমান, প্ল্যান্ট নম্বর 2 এর দুইটি কুয়া থেকে 1,4-ডাইঅক্সেন অপসারণ করতে বিদ্যমান পানি ট্রিটমেন্ট ফ্যাসিলিটিতে একটি নতুন ট্রিটমেন্ট পদ্ধতি নির্মাণের জন্য।
- নাসাউ কাউন্টির পোর্ট ওয়াশিংটন পানি জেলা - 11,362,800 মার্কিন ডলার WIIA অনুদান, মোর্লে পার্ক স্টেশনের (Morley Park Station) তিনটি কুয়া থেকে 1,4-ডাইঅক্সেন এবং পারফ্লুরোঅক্টানয়িক (perfluorooctanoic, PFOA)অপসারণ করতে বিদ্যমান পানি ট্রিটমেন্ট ফ্যাসিলিটিতে একটি নতুন ট্রিটমেন্ট পদ্ধতি নির্মাণের জন্য।
- ডাচেস কাউন্টির পাকিপ্সি সিটি - 8,518,600 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন এবং অবশিষ্ট 1,500,000 মার্কিন ডলার WIIA তহবিল, একটি 5 মিলিয়ন গ্যালন রিজার্ভয়ার প্রতিস্থাপিত করে দুইটি 2.5 মিলিয়ন গ্যালন পানি জমিয়ে রাখার ট্যাঙ্ক নির্মাণ এবং পানি বিতরণ ব্যবস্থার বিভিন্ন স্থানে পুরোনো পানির মেইন প্রতিস্থাপিত করার জন্য।
- মনরো কাউন্টির রচেস্টার সিটি - 780,000 মার্কিন ডলার WIIA অনুদান, পানির ব্যবস্থার বাছাইকৃত এলাকায় আনুমানিক 3,500 ফুট বিদ্যমান পানির মেইন ও সংশ্লিষ্ট ফিক্সচার প্রতিস্থাপন করার জন্য।
- জেফারসন কাউন্টির স্যাকেটস গ্রাম - 1,639,800 মার্কিন ডলার WIIA অনুদান এবং 1,769,200 মার্কিন ডলার স্বল্পমেয়াদে, বাজার-মূল্যের অর্থায়ন, ব্যবস্থা উন্নয়নের জন্য যার মধ্যে রয়েছে গ্রামের ফিল্ট্রেশন প্ল্যান্টে সরবরাহকারী বিদ্যমান অবিশুদ্ধ পানি গ্রহণ, ভেজা কুয়া ও পাম্প প্রতিস্থাপন।
- ক্যাইয়ুগা কাউন্টির সেনেট টাউন - 1,781,400 মার্কিন ডলার WIIA , বিদ্যমান পানি জমিয়ে রাখার ট্যাঙ্ককে একটি নতুন 300,000 গ্যালন ট্যাঙ্ক দ্বারা প্রতিস্থাপন করা, বিদ্যমান পুরোনো/ছোট আকারের মেইন প্রতিস্থাপন করে আনুমানিক 21,000 লিনিয়ার ফুট পানির মেইন স্থাপন করা, এবং অতিরিক্ত বাসিন্দাদের সেবা প্রদানের জন্য সরকারি পানি সম্প্রসারিত করার জন্য।
- সাফোক কাউন্টি পানি কর্তৃপক্ষ (Suffolk County Water Authority) - বিভিন্ন ওয়েল ফিল্ড থেকে 1,4-ডাইঅক্সেন অপসারণ করতে একটি নতুন ট্রিটমেন্ট পদ্ধতি নকশা ও নির্মাণ করবে এমন নয়টি প্রকল্পে WIIA অনুদান করা করা হবে নিম্নরূপে:
    - 1,800,000 মার্কিন ডলার WIIA অনুদান; মিডলভিল রোড ওয়েল ফিল্ড নম্বর 1 ও 2
    - 1,800,000 মার্কিন ডলার WIIA অনুদান; ফ্যালকন ড্রাইভ ওয়েল ফিল্ডের কুয়া নম্বর 1 ও 2A/2B
    - 900,000 মার্কিন ডলার WIIA অনুদান: ওল্ড ডক রোড ওয়েল ফিল্ডের কুয়া নম্বর 1

  - 900,000 মার্কিন ডলার WIIAঅনুদান: ওয়াটারসাইড রোড ওয়েল ফিল্ডের কুয়া নম্বর 2
  - 1,800,000 মার্কিন ডলার WIIA অনুদান; ব্রডওয়ে ওয়েল ফিল্ডের কুয়া নম্বর 1A ও 2
  - 900,000 মার্কিন ডলার WIIA অনুদান: ডগলাস অ্যাভিনিউ ওয়েল ফিল্ডের কুয়া নম্বর 1
  - 2,700,000 মার্কিন ডলার WIIAঅনুদান: ফ্লাওয়ার হিল রোডের ওয়েল ফিল্ডের কুয়া নম্বর 1,2 ও 3
  - 900,000 মার্কিন ডলার WIIA অনুদান: হলিউড প্লেসের ওয়েল ফিল্ডের কুয়া নম্বর 1
  - 900,000 মার্কিন ডলার WIIA অনুদান: ম্যাকি রোড ওয়েল ফিল্ডের কুয়া নম্বর 1
- ম্যাডিসন কাউন্টির সালিভান টাউন - 480,000 মার্কিন ডলার WIIA অনুদান, হ্যামিল্টন ব্রাউন/বুশনেল শোর পানির জেলা (Hamilton Brown/Bushnell Shore Water District) নির্মাণের জন্য, যেখানে থাকবে আনুমানিক 8,100 লিনিয়ার ফুট নতুন পানির মেইন, হাইড্রেন্ট ও ফিক্সচার, এবং ওনন্ডোগা কাউন্টি পানি কর্তৃপক্ষের সাথে সংযোগ স্থাপন।

**পরিষ্কার পানির প্রকল্পসমূহ:**

- ওয়েস্টচেস্টার কাউন্টির ব্রনক্সভিল গ্রাম - 283,625 মার্কিন ডলার এবং 223,500 মার্কিন ডলার WIIA অনুদান, স্যানিটারি সিউয়ার ব্যবস্থা উন্নয়নের পরিকল্পনা, নকশা ও নির্মাণের জন্য।
- ক্যাটারাগ্যাস কাউন্টির ক্যারোলটন টাউন - 1,256,635 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন, বর্জ্যপানির ট্রিটমেন্ট প্ল্যান্ট ও সংগ্রহ ব্যবস্থার পাম্প স্টেশন উন্নয়নের জন্য।
- রকল্যান্ড কাউন্টির ক্লার্কসটাউন টাউন - 733,974 মার্কিন ডলার WIIA অনুদান, পাম্প স্টেশন উন্নয়নের জন্য।
- লিভিংস্টোন কাউন্টির জেনেসিও গ্রাম - 345,085 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন, বর্জ্যপানির ট্রিটমেন্ট প্যান্ট উন্নয়নের জন্য।
- গ্রিন কাউন্টির গ্রিনভিল টাউন - 520,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদে, সুদমুক্ত অর্থায়ন এবং 610,821 মার্কিন ডলার WIIA তহবিল, সিউয়ার জেলা সম্প্রসারণ ও প্ল্যান্ট উন্নয়নের জন্য।
- ক্যাইয়ুগা কাউন্টির মোরাভিয়া গ্রাম - 7,000,000 স্বল্পমেয়াদে সুদমুক্ত অর্থায়ন, বর্জ্যপানির ট্রিটমেন্ট প্ল্যান্ট উন্নয়নের জন্য।
- ওনন্ডাগা কাউন্টি - 2,250,000 মার্কিন ডলার WIIA অনুদান, 1,875,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদে, সুদমুক্ত অর্থায়ন, এবং 1,875,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদে, বাজারমূল্যে অর্থায়ন, সংগ্রহ ব্যবস্থায় ইনফ্লো ও ইনফিলট্রেশন হ্রাস করতে সিউয়ার পুনর্বাসনের জন্য।
- রকল্যান্ড কাউন্টির অরেঞ্জটাউন - 96,000 মার্কিন ডলার WIIA অনুদান, টাউনের বর্জ্যপানি ট্রিটমেন্ট প্ল্যান্ট ও সংশ্লিষ্ট পাম্প স্টেশনের ব্যবস্থা উন্নয়নের জন্য।
- ওসওয়েগো কাউন্টির ওসওয়েগো সিটি - 1,761,994 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন, ওয়েস্ট সাইড (এরিয়া 2) স্যানিটারি সিউয়ার ব্যবস্থা উন্নয়নের জন্য এবং

2,880,437 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন ওয়েস্ট সাইড সিউয়ার পৃথকীকরণ (West Side Sewer Separation) প্রকল্পের জন্য।

- সালিভান কাউন্টির টম্পসন টাউন - 4,000,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদে, সুদমুক্ত অর্থায়ন, টাউনের সিউয়ার জেলার মধ্যকার পাম্প স্টেশন উন্নয়নের জন্য।
- ইউটিকা সিটির ওনিডা কাউন্টি - 3,254,374 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি, সুদমুক্ত অর্থায়ন এবং 476,533 মার্কিন ডলার অবশিষ্ট সমন্বিত সমাধান নির্মাণ অনুদান (Integrated Solutions Construction Grant) তহবিল, সবুজ অবকাঠামো অনুশীলন নকশা ও নির্মাণের জন্য এবং একত্রিত সিউয়ারকে পৃথক ঝড় ও স্যানিটারি সিউয়াররে আলাদা করার জন্য।
- ডাচেস কাউন্টির ওয়াপিঙ্গার টাউন - 2,484,620 মার্কিন ডলার IMG, ট্রাই-মিউনিসিপ্যালিটির বর্জ্যপানির ট্রিটমেন্ট ফ্যাসিলিটির (Tri-Municipal Wastewater Treatment Facility) যুক্তকারী ওয়াইল্ডউড সিউয়ার সংযোগ (Wildwood Sewer Connection) নির্মাণের জন্য।

**EFC প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন,** "ঘোষণাটি নিউ ইয়র্ক স্টেটজুড়ে পানির মান অবকাঠামোতে আরেকটি উল্লেখযোগ্য বিনিয়োগ নির্দেশ করে। ঘোষণাটি জলবায়ু সপ্তাহ চলাকালীন গভর্নর হোকল কর্তৃক ঘোষিত পানির অবকাঠামো উন্নয়ন (Water Infrastructure Improvement), ইন্টারমিউনিসিপ্যাল, এবং পানির মান অবকাঠামো উন্নয়নে (Water Quality Infrastructure Improvement) অনুদান হিসেবে উপলভ্য 600 মিলিয়ন মার্কিন ডলারের কল্যাণে আগামী মাসগুলিতে স্টেটের পানি অনুদান সর্বোচ্চ করতে EFC যে কাজ করবে তা কীভাবে করবে নির্ধারণ করে দিলো। 22 নভেম্বর সময় শেষ হওয়ার আগে EFC স্টেট পানি অনুদান তহবিলের জন্য ঐতিহাসিক সংখ্যক আবেদন পেয়েছে এবং তার পাশাপাশি EFC দ্বিদলীয় অবকাঠামো বিনিয়োগ এবং কর্মসংস্থান অ্যাক্ট (Infrastructure Investment and Jobs Act) থেকে আসন্ন মুখ্য তহবিলের জন্য সক্রিয়ভাবে প্রস্তুতি নিচ্ছে। EFC, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ, এবং স্থানীয় সরকারগুলির সাথে অংশীদারিত্বে আমাদের অবকাঠামোকে জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আরো স্থিতিশীল করা এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য পানির মান উন্নয়ন করবে এমন প্রকল্পগুলির কাজ শুরু করতে উন্মুখ।"

**ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং EFC চেয়ারম্যান ব্যাসিল সেগোস বলেন,** "গভর্নর হোকল বুঝেন যে পরিষ্কার পানি অবকাঠামো মজবুত করা ও আধুনিকায়ন প্রচেষ্টা অগ্রসর করতে নিউ ইয়র্কের শহর, টাউন, ও গ্রামগুলি কী কী আর্থিক সমস্যার সম্মুখীন হতে হয়। তীব্র ঝড় এবং চরম আবহাওয়ার ঘটনা, ক্ষতিকারক শৈবাল, এবং উদীয়মান দূষক বৃদ্ধির মতো সমস্যার কারণে, নিউ ইয়র্ক খাওয়ার পানি ও বর্জ্যপানি প্রকল্পগুলিতে প্রজন্মগত বিনিয়োগকে এবং একইসাথে প্রকল্পগুলি সৃষ্ট কর্মসংস্থানকে অগ্রাধিকার দিচ্ছে। সম্প্রতি পাশ হওয়া ফেডারেল অবকাঠামো বিনিয়োগ ও কর্মসংস্থান অ্যাক্ট থেকে প্রাপ্ত ফেডারেল তহবিলের সাথে একত্রিত তহবিলটি কয়েক শ মিলিয়ন ডলার অনুদান এবং স্বল্প- বা সুদমুক্ত ঋণ প্রদান করবে যা স্থানীয়দের নিকট যাতে জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষাকারী অতি গুরুত্বপূর্ণ প্রকল্প শেষ করার জন্য প্রয়োজনীয় সংস্থান থাকে তা নিশ্চিত করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন,** "নিউ ইয়র্ক খাওয়ার পানি উন্নয়ন এবং আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্যে দীর্ঘস্থায়ী প্রভাব রাখে এমন পরিষ্কার পানির উদ্যোগের অর্থায়ন করতে অঙ্গীকারবদ্ধ। নিউ ইয়র্কের সরকারি খাওয়ার পানি সরবরাহের ব্যাপক নেটওয়ার্কের, যার মধ্যে অনেকগুলিই পুরোনো হয়ে যাচ্ছে, একজন নিয়ন্ত্রক হিসেবে হেলথ ডিপার্টমেন্ট স্টেটব্যাপী এইসব অতি জরুরি অবকাঠামো প্রকল্পে অর্থায়নকে অগ্রাধিকার প্রদান অব্যাহত রাখতে গভর্নর হোকলের সাথে কাজ চালিয়ে যেতে উন্মুখ।"

**স্টেট সিনেটর গুস্তাভো রিভেরা বলেন,** "আমি নিউ ইয়র্কবাসীর খাওয়ার পানির মান উন্নয়ন করবে এমন প্রকল্পে অত্যন্ত গুরুত্বপূর্ণ তহবিল বরাদ্দ করতে হোকল প্রশাসনের প্রচেষ্টার প্রশংসা করছি। গুরুত্বপূর্ণ এই পদক্ষেপটি আমাদের খাওয়ার পানির সরবরাহ রক্ষার্থে সাহায্য করবে এবং পুরো স্টেটে নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যকে ক্ষতিকর দূষকের মারাত্মক সংস্পর্শ থেকে সুরক্ষিত রাখবে।"

CWSRF এবং DWSRF হল EFC এর কেন্দ্রীয় অর্থায়ন প্রোগ্রাম। তার অংশীদার DEC এর সাথে, EFC CWSRF এর পরিচালনা ও প্রশাসনের জন্য দায়ী। CWSRF EFC-কে সুদ-মুক্ত বা কম সুদের হারে অর্থায়ন এবং অনুদান প্রদানের করতে দেয় বিভিন্ন ধরনের যোগ্য বর্জপানির গুণমান উন্নতি প্রকল্পের জন্য। একইভাবে EFC তার অংশীদার DOH এর সাথে মিলে DWSRF পরিচালনা করে, খাওয়ার পানির পরিকাঠামো প্রকল্পের জন্য সুদ-মুক্ত বা কম-সুদের হারে অর্থায়ন ও অনুদান প্রদান করার জন্য।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418